

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১৫৭

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৮. কুরআন মাজীদ শিক্ষাদানের বিনিময়ে পারিশ্রমিক গ্রহণ।

بَابِ الْأَجْرِ عَلَى تَعْلِيمِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّد، وَمُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا مُغِيرَةُ بْنُ زِيَادٍ الْمَوْصِلِيُّ، عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِت، قَالَ الْمَوْصِلِيُّ، عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِت، قَالَ عَلَّمْتُ نَاسًا مِنْ أَهْلِ الصَّفَّةِ الْقُرْآنَ وَالْكِتَابَةَ فَأَهْدَى إِلَىَّ رَجُلٌ مِنْهُمْ قَوْسًا فَقُلْتُ لَيْسَتْ عِمَالٍ وَأَرْمِي عَنْهَا فِي سَبِيلِ اللَّهِ فَسَأَلْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنْهَا فَقَالَ " إِنْ سَرَّكَ أَنْ تُطَوَّقَ بِهَا طَوْقًا مِنْ نَارٍ فَاقْبَلْهَا " .

বাংলা

১/২১৫৭। উবাদা ইবনুস সামিত (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আহলে সুক্ষার কিছু সংখ্যক লোককে কুরআন মাজীদ ও লেখা শিখাই। তাদের একজন আমাকে একটি ধনুক উপহার দেয়। আমি (মনে মনে) বললাম, এটি তেমন উল্লেখযোগ্য মাল নয়। এটির সাহায্যে আমি আল্লাহর পথে তীর মারতে পারবো। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের নিকট বিষয়টি সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বলেনঃ তোমাকে জাহান্নামের জিঞ্জীর পরানো হলে তাতে তুমি খুশি হতে পারলে এটি গ্রহণ করো।

English

It was narrated that 'Ubadah bin Samit said:

"I taught people from Ahtus-Suffah" Qur'an and how to write, and one of them gave me a bow. I said: 'It is not money, and I can shoot (with it) for the sake of Allah., I asked the Messenger of Allah (ﷺ) about it and he said: 'If it would please you to have a necklace of fire placed around your neck, then accept it.'"

ফুটনোট



আবূ দাউদ ৩৪১৬, আহমাদ ২২১৮১, বায়হাকী ৯/৩৭৭, সহিহাহ ২৫৬।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. মুগীরাহ বিন যিয়াদ আল-মুসালী সম্পর্কে আবু আহমাদ আলহাকিম বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী। ইমাম তিরমিয়ি বলেন, কিছু
আহলে ইলমগন তার হাদিস মুখন্ত করা পূর্বে হাদিস বর্ণনার সমালোচনা করেছেন। ইবনু হাজার আল-আসকালানী
বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। মুহাম্মাদ বিন রাফি' বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল।
(তাহযীবুল কামালঃ রাবী নং ৬১২৬, ২৮/৩৫৯ নং পৃষ্ঠা) ২. আসওয়াদ বিন সা'লাবাহ সম্পর্কে আবু আবদুল্লাহ
আল-হাকিম আন-নায়সাবুরী বলেন, তিনি শাম শহরে পরিচিত। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি
মাজহুল বা অপরিচিত। আলী ইবনুল মাদীনী বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায় না। (তাহযীবুল কামালঃ
রাবী নং ৪৯৯, ৩/২২০ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু আসওয়াদ বিন সা'লাবাহ এর কারণে সানাদটি দুর্বল।
হাদিসটির ৭৯ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৩ টি জাল, ৭ টি অধিক দুর্বল, ২০ টি দুর্বল, ৩৭ টি হাসান, ১২
টি সহিহ হাদিস পাওয়া যায়, তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ আবু দাউদ ৩৪১৬, আহমাদ ২২১৮০, ২২২৫৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন